

রেজিস্টার্ড নং ডি এ-১ “জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের  
জন্মশতবার্ষিকী উদযাপন সফল হোক”

বাংলাদেশ



গেজেট



অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

রবিবার, মে ১০, ২০২০

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
সমাজকল্যাণ মন্ত্রণালয়  
প্রজ্ঞাপন

তারিখ : ১১ চৈত্র, ১৪২৬ বঙ্গাব্দ/২৫ মার্চ, ২০২০ খ্রিষ্টাব্দ

এস, আর, ও নম্বর ১০৩-আইন/২০২০।—নিউরো-ডেভেলপমেন্টাল প্রতিবন্ধী সুরক্ষা ট্রাস্ট আইন,  
২০১৩ (২০১৩ সনের ৫২ নং আইন) এর ধারা ৩৩ এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার  
নিউরো-ডেভেলপমেন্টাল প্রতিবন্ধী সুরক্ষা ট্রাস্ট বিধিমালা, ২০১৫ এর নিম্নরূপ সংশোধন করিল, যথা :—

উপরি-উক্ত বিধিমালা—

(ক) বিধি ২৩ এর উপ-বিধি (১) ও উপ-বিধি (২) এর পরিবর্তে নিম্নরূপ উপ-বিধি (১) ও উপ-  
বিধি (২) প্রতিস্থাপিত হইবে, যথা :—

“(১) কোনো মাতা-পিতা বা তাহাদের একজনের অবর্তমানে অন্যজন  
নিউরো-ডেভেলপমেন্টাল প্রতিবন্ধী সন্তানের যত্ন-পরিচর্যা, সুচিকিৎসা, শিক্ষা, সম্পত্তি  
রক্ষণাবেক্ষণ ও লালন পালনের জন্য জীবদ্দশায় ক্ষমতাপ্রাপ্ত ম্যাজিস্ট্রেট বরাবর এফিডেভিটের  
মাধ্যমে তফসিল-৩ এর আলোকে ঘোষণাপত্র দাখিল করিয়া অভিভাবক নিয়োগ করিতে  
পারিবেন এবং উক্ত অভিভাবকত্ব মাতা-পিতা বা জীবিত কোনো একজনের শারিরিক অসুস্থতা  
বা যে কোন ধরনের অক্ষমতা বা দেশের বাহিরে অবস্থানের কারণে বা অন্য কোনোভাবে  
অনুপস্থিতি বা মৃত্যুর পর কার্যকর হইবে।

(২) উপ-বিধি (১) এর অধীন কোনো অভিভাবক নিয়োগ করা হইলে তিনি বা  
তাহারা উক্ত তথ্য লিখিতভাবে, ক্ষেত্রমত, উপজেলা সমাজসেবা কর্মকর্তা বা  
উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয় (সংশ্লিষ্ট জেলা) বা ব্যবস্থাপনা পরিচালক, নিউরো-  
ডেভেলপমেন্টাল প্রতিবন্ধী সুরক্ষা ট্রাস্ট বা সরকার কর্তৃক মনোনীত কোনো কর্মকর্তাকে  
অবহিত করিবেন এবং উক্ত ঘোষণাপত্র সম্পর্কে অবহিত হইবার ৭ (সাত) দিনের মধ্যে সংশ্লিষ্ট  
কর্মকর্তা উক্ত তথ্যাদি তফসিল ০৪ এর রেজিস্টারে অন্তর্ভুক্ত করিয়া যথাশীঘ্র সম্ভব বোর্ডকে  
অবহিত করিবেন।”।

(খ) তফসিল-২ এর পর নিম্নরূপ দুইটি নূতন ‘তফসিল-৩’ ও ‘তফসিল-৪’ সংযোজিত হইবে, যথা :—

( ৩৭৭৫ )

মূল্য : টাকা ৪.০০

## তফসিল-৩

## [বিধি ২৩ এর উপ-বিধি (১) দ্বিবিধ্য]

## ঘোষণাপত্র

আমি/আমরা :

জাতীয় পরিচয়পত্র নম্বর :

আমার/আমাদের প্রতিবন্ধী সন্তান (নাম) :

প্রতিবন্ধী ব্যক্তির পরিচয়পত্র নম্বর :

জাতীয় পরিচয়পত্র নম্বর :

অভিভাবক হিসাবে (নাম) :

১। সম্পর্ক ..... জাতীয় পরিচয়পত্র নম্বর ..... কে অভিভাবক হিসাবে নিয়োগ করিলাম। আমার/আমাদের অনুপস্থিতি বা কোন ধরনের অক্ষমতা বা আমার/আমাদের মৃত্যুর পর আমার/আমাদের প্রতিবন্ধী সন্তানের মৃত্যুর পূর্ব পর্যন্ত নিয়োজিত অভিভাবক নিম্নরূপ দায়িত্ব প্রতিপালন করিবে, যথা :—

- (ক) তাহার লালনপালন;
- (খ) তাহার সুচিকিৎসা;
- (গ) তাহার স্থাবর বা অস্থাবর সম্পত্তি রক্ষণাবেক্ষণ;
- (ঘ) তাহার শিক্ষা ও প্রশিক্ষণ;
- (ঙ) তাহার মানসম্মত ভরণপোষণ; এবং
- (চ) তাহার যাবতীয় যত্ন-পরিচর্যা।

২। আমার/আমাদের উক্ত প্রতিবন্ধী সন্তানের মৃত্যুর পর প্রচলিত উত্তরাধিকার আইন এবং এতদসংশ্লিষ্ট হেবা দলিল, যদি থাকে, কার্যকর হইবে।

## অভিভাবক নিয়োগকারীর—

স্বাক্ষর :

নাম :

মাতার নাম :

পিতার নাম :

জাতীয় পরিচয়পত্র নম্বর :

মোবাইল নম্বর :

ই-মেইল :

## অভিভাবক গ্রহণকারীর অঙ্গীকারনামা

আমি স্বেচ্ছায়, সজ্ঞানে উপরিউক্ত দায়িত্ব পরিপালনের প্রতিশ্রুতিসহ অভিভাবকত্ব গ্রহণের অঙ্গীকার করিলাম।

নাম :

স্বাক্ষর :

জাতীয় পরিচয়পত্র নম্বর :

মাতার নাম :

পিতার নাম :

মোবাইল নম্বর :

ই-মেইল :

**তফসিল-৪**  
**[বিধি ২৩ এর উপ-বিধি (২) দ্রষ্টব্য]**  
**রেজিস্টার**

- (ক) রেজিস্টার ক্রমিক নম্বর :
- (খ) ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তার—  
নাম :  
পদবি :  
জাতীয় পরিচয়পত্র নম্বর :  
মোবাইল নম্বর :
- (গ) অভিভাবক নিয়োগকারীর—  
নাম :  
পিতার নাম :  
মাতার নাম :  
জাতীয় পরিচয়পত্র নম্বর :  
মোবাইল নম্বর :  
ই-মেইল :
- (ঘ) যাহার জন্য অভিভাবক নিয়োগ করা হইয়াছে তাহার—  
নাম :  
পিতার নাম :  
মাতার নাম :  
জাতীয় পরিচয়পত্র নম্বর :  
প্রতিবন্ধী ব্যক্তির পরিচয়পত্র নম্বর :  
নিয়োগপ্রাপ্ত অভিভাবকের সহিত সম্পর্ক :
- (ঙ) নিয়োগকৃত অভিভাবকের—  
নাম :  
পিতার নাম :  
মাতার নাম :  
জাতীয় পরিচয়পত্র নম্বর :
- (চ) নিয়োগকৃত অভিভাবকের সহিত নিয়োগকারী অভিভাবকের সম্পর্ক : ।”

রাষ্ট্রপতির আদেশক্রমে

শিবানী ভট্টাচার্য্য

অতিরিক্ত সচিব

আইন, সংস্থা ও রেজিস্ট্রেশন অধিশাখা।

মোঃ তারিকুল ইসলাম খান, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ আসাদুজ্জামান, উপপরিচালক, (অতিঃ দায়িত্ব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,

ঢাকা কর্তৃক প্রকাশিত। web site: www.bgpress.gov.bd